

কৃষি সমূক্ষি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৫৫৪

তারিখ : ০৯ আষাঢ় ১৪২৫
২৩ জুন ২০১৯

বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৯তম সভার কার্যবিবরণী প্রেরণ।

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসিরুজ্জামান মহোদয়ের সভাপতিত্বে ১৯-০৬-২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৯তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ক) ৯৯তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’।

২৬.০৬.১৯

(মো: আজিম উদ্দিন)

প্রধান বীজতত্ত্ববিদ

ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮

E-mail: azimseed@gmail.com

কার্যার্থে বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. অতিরিক্ত সচিব, (ব্যয় ব্যবস্থাপনা), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনসিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউট, বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্স গবেষণা ইনসিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনসিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯;
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৪. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনসিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. পরিচালক, উন্নিদ সংগ্রহিতে উইই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. ড. মো. ফেরদৌস মন্ডল, প্রফেসর ও বিভাগীয় প্রধান, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
১৭. জনাব মো: নুরুজ্জামান, ৩২ লেক সার্কাস, ফ্ল্যাট ফ্লাউডিয়াস বি-৪, এনা কিংডম, কলাবাগান, ঢাকা-১২০৫, বীজ বিশেষজ্ঞ;
১৮. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৯. জনাব আলহাজ মো: মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি;
২০. জনাব তালুকদার মো: ইউনুস, বড় কসবা, টরকী বন্দর, মিউনিসিপ্যালিটি, আগেলবাড়া, কৃষক প্রতিনিধি;
২১. ড. মো: নজরুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, বশেমুরকৃবি, গাজীপুর;
২২. ড. মো: খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উন্নিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বশেমুরকৃবি, গাজীপুর;
২৩. জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিন্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি:;

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
- ০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৯তম সভার কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | : মো: নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১৯ জুন ২০১৯ |
| সময় | : সকাল ১১.৩০টা |
| স্থান | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি ৯৯তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে আহবান জানালে প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৮তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

আলোচনা : জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৮-তম সভা ২৪/০২/২০১৯ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ০৪/০৩/২০১৯ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.২২২ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

সিদ্ধান্ত : জাতীয় বীজ বোর্ডের ৯৮তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | আলোচনা ও অগ্রগতি |
|---|--|---|
| (২.১) ইক্সুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফরম সংশোধন | কারিগরি কমিটি বিশেষজ্ঞদের নিয়ে একটি উপকর্মিটি গঠন করে ইক্সুর জাত ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়ন করে আগামী ৩(তিনি) মাসের মধ্যে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করবে। | আলোচনা : বীজ প্রত্যয়ন এজেন্সির প্রতিনিধি সভায় ইক্সুর জাত ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়নের জন্য আরো ৩মাস সময়বৃদ্ধির জন্য অনুরোধ জানান। সিদ্ধান্ত : ইক্সুর জাত ছাড়করণ পদ্ধতির গাইডলাইনটির খসড়া প্রণয়নের সময়সীমা আরো ৩মাস বৃদ্ধি করা হলো। |
| (২.২) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির খসড়া প্রণয়নের সময় আরো ১ (এক) মাস বৃদ্ধি করা হলো। পক্ষতি পর্যালোচনা | হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির খসড়া প্রণয়নের সময় আরো ১ (এক) মাস বৃদ্ধি করা হলো। | আলোচনা : বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রতিনিধি সভায় হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়নের জন্য আরো ১মাস সময় বৃদ্ধির জন্য অনুরোধ জানান। সিদ্ধান্ত : ইক্সুর জাত ছাড়করণ পদ্ধতির গাইডলাইনটির খসড়া প্রণয়নের সময়সীমা আরো ১মাস বৃদ্ধি করা হলো। |

আলোচ্য বিষয় ৩। বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউটের উত্তীর্ণিত ৪টি ইনসিটিউটের জাত ছাড়করণ।

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ৩.১ BR8535-2-1-2 (প্রস্তাবিত ব্রি ধান-৯০): আমন মৌসুমে প্রিমিয়াম কোয়ালিটি রাইস উত্তীর্ণ কার্যক্রমের আওতায় BR7166-5B-1-RAN-1 এবং ব্রি ধান-৩৪ এর মাঝে সংকরায়ন করে পরবর্তিতে উত্তীর্ণ F, এর সাথে BR7166-5B-1-RAN-1 এর একবার পশ্চাত সংকরায়ন করে বৎশানুক্রম বাছাইয়ের মাধ্যমে উত্তীর্ণ করা হয়। ঢাকা, রাজশাহী, রংপুর, চট্টগ্রাম ও খুলনাসহ ৫টি অঞ্চলের ৯টি স্থানের ট্রায়ালে প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.০৭ মে.টন/হে., গড় জীবনকাল ১১৭ দিন এবং চেক জাত ব্রি ধান-৩৪ এর গড় ফলন ৩.৫৮মে.টন/হে, গড় জীবনকাল ১৩৯দিন। জাতটি হালকা সুগন্ধিযুক্ত, ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ১২.৭ গ্রাম। প্রস্তাবিত জাতটি ৪টি বৈশিষ্ট্যে চেকজাত থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের কোলিক সারি BR8535-2-1-2 আমন মৌসুমে ব্রি ধান-৯০ হিসেবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BR8535-2-1-2 কোলিক সারি ব্রি ধান-৯০ হিসাবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| ৩.২ HHZ23-DT16-DT1-DT1 (প্রস্তাবিত ব্রি ধান-৯১): প্রস্তাবিত কোলিক সারি আন্তর্জাতিক ধান গবেষণা ইনসিটিউট, ফিলিপিন্সে Huang-Hua-Zhann এবং Liao-jing9 এর সাথে সংকরায়ন করে বৎশানুক্রম বাছাইয়ের মাধ্যমে উত্তীর্ণ। চট্টগ্রাম অঞ্চলের ১০টি স্থানে ট্রায়ালে প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.২৩ মে.টন/হে., গড় জীবনকাল ১৫১ দিন এবং চেকজাত ব্রি ধান-৬০ এর গড় ফলন ৬.০৫ মে.টন/হে., গড় জীবনকাল ১৪৮ দিন। ডিগ পাতা খাড়া, কাণ্ড শক্ত। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৬ গ্রাম। জাতটি ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। সভাপতি সভায় বলেন জাতটি শুধুমাত্র চট্টগ্রাম অঞ্চল ট্রায়াল না করে দেশের মাল্টিলোকেশন ট্রায়াল করে এর ফলাফল বিশ্লেষণ করা প্রয়োজন ছিল। স্থানীয় জাতের ধান অন্য স্থানেও যাচাই করা প্রয়োজন। | (২) HHZ23-DT16-DT1-DT1 কোলিক সারি পুনরায় দেশের বিভিন্ন অঞ্চলে ট্রায়াল বাস্তবায়ন করে কারিগরি কমিটির মাধ্যমে জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করতে হবে। |
| ৩.৩ BR10230-15-27-7B (প্রস্তাবিত ব্রি ধান-৯২): তিলককাচারি (মধ্যম মাত্রার স্টেম ইলঙ্গেশন ও মধ্যম মাত্রার জলমগ্নতা সহিষ্ণু) এবং ব্রি ধান-৪১ এর মধ্যে সংকরায়নের মাধ্যমে এবং বৎশানুক্রম বাছাই পদ্ধতিতে প্রস্তাবিত কোলিক সারি BR10230-15-27-7B উত্তীর্ণ হয়। ঢাকা, চট্টগ্রাম ও সিলেট ৩টি অঞ্চলের ৯টি স্থানের ট্রায়ালে প্রস্তাবিত জাতটির ফলন ২.৩৬মে.টন/হে., ১৫৬ দিন এবং চেকজাত ফুলকুঁড়ি-এর গড় ফলন ১.০৫ মে.টন/হে., গড় জীবনকাল ১৬২ দিন পাওয়া যায়। জাতটি অগভীর বন্যা প্রবণ (১ মিটার পর্যন্ত) অঞ্চলে চাষাবাদের উপযোগী। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৬.০ গ্রাম। গাছের গড় উচ্চতা ১৮.০ সে.মি. এবং গোড়া মোটা হওয়ায় হেলে পড়ে না। দানার রং হালকা লালচে বাদামী। চাল মাঝারি মোটা। প্রস্তাবিত জাতটি ৮টি বৈশিষ্ট্যে চেক জাত থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের কোলিক সারি BR10230-15-27-7B আমন মৌসুমে ব্রি ধান-৯২ হিসেবে মানিকগঞ্জ, ফরিদপুর ও কুমিল্লা অঞ্চলের অগভীর জলমগ্ন (Shallow deepwater) এলাকায় চাষাবাদের লক্ষ্যে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৩) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BR10230-15-27-7B কোলিক সারি ব্রি ধান-৯১ হিসাবে আমন মৌসুমে মানিকগঞ্জ, ফরিদপুর ও কুমিল্লা অঞ্চলে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| ৩.৪ BR(BE)6158RWBC2-1-2-1-1 (প্রস্তাবিত ব্রি ধান-৯৩): প্রথমে ধান এবং গমের মধ্যে সংকরায়নে প্রাপ্ত সারির এ্যাথ্বার কালচার করা হয়। পরবর্তীতে এ্যাথ্বার কালচারে প্রাপ্ত সারির সাথে ব্রি উত্তীর্ণ কোলিক সারির দুইবার সংকরায়ন করা হয়। এরপর বৎশানুক্রম বাছাই পদ্ধতিতে নির্বাচনের মাধ্যমে প্রস্তাবিত ব্রি ধান-৯২ উত্তীর্ণ করা হয়। ঢাকা, রাজশাহী, খুলনা ও রংপুর ৪টি অঞ্চলের ৯টি স্থানে ট্রায়ালে প্রস্তাবিত জাতের গড় ফলন ৮.৪৮মে.টন/হে., গড় জীবনকাল ১৬৫দিন এবং চেকজাত ব্রি ধান-২৯ এর গড় ফলন ৮.১ মে.টন/হে., গড় জীবনকাল ১৬৩ দিন। চাল ব্রি ধান-২৯ এর চেয়ে লম্বা ও চিকন। কম পানিতে ব্রি ধান-২৯ এর চেয়ে বেশী ফলন দিতে সক্ষম। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.৪ গ্রাম। কাণ্ড শক্ত, পাতা হালকা সবুজ এবং ডিগ পাতা চওড়া। ধানের ছড়া লম্বা ও ধান পাকার সময় ছড়া ডিগ পাতা উপরে থাকে। প্রস্তাবিত জাতটি ৫টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান-২৯ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের কোলিক সারি BR(BE)6158RWBC2-1-2-1-1 বোরো মৌসুমে ব্রি ধান-৯৩ হিসেবে বাংলাদেশের রাজশাহী, রংপুর ও খুলনা অঞ্চলে চাষাবাদের লক্ষ্যে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৪) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BR(BE)6158RWBC2-1-2-1-1 কোলিক সারি ব্রি ধান-৯২ হিসাবে বোরো মৌসুমে রাজশাহী, রংপুর ও খুলনা অঞ্চলে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

আলোচ্য বিষয় ৪। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউটের উত্তাবিত ১টি ইন্সিটিউট ধানের জাত ছাড়করণ।

| আলোচনা | সিদ্ধান্ত |
|--|---|
| <p>প্রস্তাবিত কৌলিক সারিটি BINA-MV-20 ঢাকা, রংপুর, রাজশাহী এবং খুলনা এর ৪ টি অঞ্চলের ৮টি স্থানে ট্রায়ালে প্রস্তাবিত জাতটির গড় ফলন ৬.২ মে.টন/হে., গড় জীবনকাল ১১৫দিন এবং চেকজাত বিনা ধান-৭ এর গড় ফলন ৫.১২মে.টন/হে., গড় জীবনকাল ১১৫দিন। আগাম জাত, গাছ শক্ত বলে হেলে পড়েন। ১০০০ ধানের ওজন ২৫.২ গ্রাম। দানা লম্বা চিকন। ধান পাকার সময় ডিগ পাতা খাড়া থাকে এবং একটি পূর্ণ বয়স্ক গাছ সবুজ থাকে। প্রস্তাবিত জাতটি চেক জাত বিনা ধান-৭ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।</p> <p>বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনসিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারি BINA-MV-20 আমন মৌসুমে ‘বিনা ধান-২২’ হিসেবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।</p> | <p>(১) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BINA-MV-20 কৌলিক সারিটি বিনা ধান-২২ হিসাবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।</p> |

আলোচ্য বিষয় ৫। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উত্তাবিত ১টি ইন্সিটিউট ধানের জাত ছাড়করণ।

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|--|
| <p>রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক আমন মৌসুমে চাষাবাদের জন্য ইন্সিটিউট ধানের জাত Original Station No. NSIC Rc222 এর ১টি কৌলিক সারি IR78581-12-3-2-2 ‘রাবি ধান-১’ হিসেবে ছাড়করণের প্রস্তাব করা হয়েছে। কৌলিক সারিটি এসিআই লিমিটেড কর্তৃক ২০১৪ সনে ইরি, ফিলিপিন্স থেকে সংগ্রহ করা হয়। একই বছরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এগ্রোনমী এন্ড এগ্রিকালচার এক্সেন্টেনশন বিভাগ এবং এসিআই লিমিটেড যৌথভাবে রোপা আমন মৌসুমে গবেষণা কার্যক্রম পরিচালনা করে। প্রথম বারের মত পিপিপি এর মাধ্যমে এসিআই লিমিটেডের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যৌথ গবেষণায় প্রস্তাবিত কৌলিক সারিটি মূল্যায়ন করা হয়েছে। ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল ৪টি অঞ্চলের ৭টি স্থানে প্রস্তাবিত জাতটি ট্রায়ালে প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.৭৮মে.টন/হে., গড় জীবনকাল ১৩০দিন এবং চেকজাত বি ধান-৩৯ এর গড় ফলন ৪.২৯ মে.টন/হে., গড় জীবনকাল ১২৫দিন। শীষ থেকে ধান ঝরে পড়েন। ঢলে পড়া BLB এবং Blast রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন Xa5 এবং Pita1.2 জীন বিদ্যমান। ভাত ঝরবারে ও এমাইলোজের পরিমাণ ২৬%। ধানের ছড়া লম্বা। পরিপন্থ শীঘ্ৰগুলো ডিগপাতার উপরে অবস্থান করে। দানা চিকন এবং লম্বা দেখতে বি ধান-৩৯ এর মত। প্রস্তাবিত জাতটি ৪টি বৈশিষ্ট্যে চেক জাত জাত বি ধান-৩৯ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তাবিত ধানের লাইন (NSIC Rc222) আমন মৌসুমে চাষাবাদের জন্য ‘রাবি ধান-১’ হিসেবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।</p> | <p>(১) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের IR78581-12-3-2-2 কৌলিক সারিটি রাবি ধান-১ হিসাবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।</p> |

আলোচ্য বিষয় ৬। বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনসিটিউটের উত্তাবিত ১টি ইন্সিটিউট গমের জাত ছাড়করণ।

| আলোচনা | সিদ্ধান্ত |
|--|---|
| <p>বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনসিটিউট কর্তৃক উত্তাবিত গমের কৌলিক সারিটি (BAW-1194) ‘শতাব্দী এবং ‘প্রদীপ’ জাতের সাথে সংকরায়ণের মাধ্যমে উত্তোলন করা হয়।</p> <p>ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর এই ৪টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়ালে প্রস্তাবিত জাতটির গড় ফলন ৩.৯০ মে.টন/হে., জীবনকাল ১০৫-১১২দিন এবং চেকজাত প্রদীপ এর গড় ফলন ৩.১২মে.টন/হে., জীবনকাল ১০৭-১১৫দিন পাওয়া যায়। উচ্চ ফলনশীল, আগাম ও তাপ সহনশীল জাত। এক হাজার দানার ওজন ৫২-৬০ গ্রাম। পাতার দাগ রোগ এবং মরিচা রোগ প্রতিরোধী। জাতটি খাটো হওয়ায় সহজে হেলে পড়ে না। শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫০ টি। দানার রং সাদা, চকচকে ও আবরার বড়। প্রস্তাবিত জাতটি ৫টি বৈশিষ্ট্যে চেকজাত থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনসিটিউট কর্তৃক প্রস্তাবিত গমের কৌলিক সারি BAW-1194 কে বিড়িউএমআরআই গম-১ হিসাবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।</p> | <p>(১) কারিগরি কমিটির সুপারিশকৃত গমের BAW-1194 কৌলিক সারিটি ডিলিউএমআরআই-১ হিসাবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।</p> |


আলোচ্য বিষয় ৭। ভুট্টা ফসলকে নিয়ন্ত্রিত ফসল হিসাবে ঘোষণা।

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| <p>বেসরকারি সেক্টরের প্রতিনিধি সভাকে জানান ভুট্টা অনিয়ন্ত্রিত ফসল থাকায় বেসরকারি সেক্টর ভুট্টা বীজ আমদানি করে দুট কৃষকদের মাঝে বিক্রি করতে পারছে। এতে করে সময়মত ভুট্টা বীজ পাওয়া যাচ্ছে। বেসরকারি সেক্টর থেকে আমদানিকৃত ভুট্টা বীজের বিষয়ে এখন পর্যন্ত কোন অভিযোগ উত্থাপিত হয়নি। তাই ভুট্টা ফসল নিয়ন্ত্রিত করা সমীচীন হবেনা। সভাপতি সভাকে জানান আমাদের দেশে পোল্ট্রি, ডেইরি এবং পশুখাদ্য হিসাবে ভুট্টার প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সরকার প্রগোদনা কর্মসূচীর মাধ্যমে সরকার ভুট্টা বীজ কৃষকদের মাঝে বিনামূল্যে বিতরণ করায় গত কয়েক বছরে এর উৎপাদন বৃদ্ধি পেয়ে ৪০ লক্ষ টনে উন্নীত হয়েছে। বর্তমান উৎপাদন মৌসুমে আশা করি ৪৫ লক্ষ মে.টন ভুট্টা উৎপাদন হবে। তারপরও আমাদের ২৫ লক্ষ মে.টন ভুট্টা আমদানি করতে হয়। আমাদের লক্ষ্য ভুট্টা উৎপাদন ৭০লক্ষ মে.টন পর্যন্ত নিয়ে যাওয়া। আমাদের দেশে বর্তমানে ভুট্টা ফসলের অনেকগুলো জাত রয়েছে। ভুট্টা বীজ বর্তমানে পুরোটাই বেসরকারি কোম্পানির মাধ্যমে আমদানি হচ্ছে। বাজারে বিভিন্ন জাত ও ব্রান্ডের হাইব্রিড ভুট্টা বীজ পাওয়া যায়। এগুলোর দাম ও স্থিতিশীল নয় এবং সকল জাতের উৎপাদনশীলতাও সমান নয়। অধিক দামে ভুট্টা বীজ ক্রয় করে চাষিরা যাতে প্রতারিত না হয় সেজন্য, নিয়ন্ত্রন না করে মনিটরিং বাড়াতে হবে। হাইব্রিড ভুট্টা বীজের বাজার মূল্য পর্যালোচনা ও জাত যাচাই করার জন্য বিএআরসি'র নেতৃত্বে ১টি কমিটি গঠন করা হয়েছে।</p> | <p>(১) কমিটিকে আগামী ৩ মাসের মধ্যে হাইব্রিড ভুট্টা বীজের বাজার মূল্য ও কৃষকের কাছে জনপ্রিয় জাতের ১টি তালিকা ও সংশ্লিষ্ট অন্যান্য সুপারিশ সহকারে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>(২) প্রতিষ্ঠিত ও বিশ্বস্ত কোনো কোম্পানি ছাড়া ভুট্টা বীজের নিবন্ধন দেয়া যাবে না।</p> |

আলোচ্য বিষয় ৮। বিবিধ আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত |
|--|---|
| সভায় বিবিধ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | <p>(১) ডিএই ও গবেষণা প্রতিষ্ঠানকে নতুন ছাড়কৃত ধানের জাতের উপর উপসহকারী কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে উৎপাদন কলাকৌশলসহ জাতের বিস্তারিত বিবরণ সম্পর্কে লিফলেট/বুকলেট বিতরণ করতে হবে।</p> <p>(২) ছাড়কৃত নতুন জাতের প্রজনন বীজ আগামী বছর সরবরাহ করতে হবে, যাতে কৃষি সম্প্রসারণ অধিদণ্ডের অধিদণ্ডের প্রদর্শনী প্লট স্থাপন করতে পারে এবং বীজ বর্ধনের জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ব্যবহার করতে পারে।</p> <p>(৩) অঞ্চলভিত্তিক ছাড়কৃত জাতের বীজ প্যাকেট করার সময় প্যাকেটের গায়ে কোন অঞ্চলের জন্য সেটা উল্লেখ করতে হবে।</p> <p>(৪) চেকজাতের পরিবর্তে সংশ্লিষ্ট এলাকাগুলোতে নতুন জাতের ধান এর তুলনামূলক ফলন ও অন্যান্য বৈশিষ্ট্য, প্রদর্শনী প্লটের মাধ্যমে চাষিদের মাঝে সম্প্রসারণ করতে হবে।</p> <p>(৫) গবেষণা প্রতিষ্ঠানসমূহকে বাসমতি চালের ন্যায় চিকন ও লম্বা জাত উদ্ভাবনে এগিয়ে আসতে আহবান জানান।</p> <p>(৬) আগামী ২০৩০ সালের জন্য ১টি সিড ভিশন তৈরি করার জন্য নির্বাহী চেয়ারম্যান, বিএআরসিকে আহবায়ক করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে ১টি কমিটি গঠন করতে হবে।</p> |

পরিশেষে, সভাপতি নতুন জাত কৃষক পর্যায়ে দুট সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে সমন্বিতভাবে কাজ করার উপর গুরুত্বারূপ করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মো: নাসিরুজ্জামান
 সচিব
 কৃষি মন্ত্রণালয়